

## বিশেষ প্রতিবেদন।

# নিভৃত পল্লীতে শিক্ষার আলো



### আগৈলঝাড়া প্রতিনিধি

উচ্চশিক্ষিত না হয়েও সমাজের দরিদ্র ও অসহায় শিশুদের জ্ঞানের আলো ছড়াচ্ছেন বরিশালের আগৈলঝাড়া উপজেলার খাগবাড়ী গ্রামের বিজয় রায়। খাগবাড়ী গ্রামের বরদাকান্ত রায়ের ছেলে দরিদ্র বিজয় রায় (৬৭) সমাজের অসহায় শিশুদের শিক্ষা দানের লক্ষ্যে গত ১০ বছর আগে উপজেলার পয়সারহাট গ্রামের রাস্তার পাশে খোলা আকাশের নিচে একটি পাঠশালা প্রতিষ্ঠা করেন। পাঠশালায় ৩ থেকে ৭ বছর বয়সের অর্ধশতাধিক শিশু পড়াশেখা করছে। এখানে হাতেখড়ি থেকে প্রথম শ্রেণী পর্যন্ত শিশুদের পড়াশেখা শিখানো হয়। পাঠশালা প্রতিষ্ঠার পর শিশুদের শিক্ষাদানে নিরলস পরিশ্রমের ফসল হিসেবে পাঠশালাটি আজ এলাকাবাসীর স্বপ্নপূরণে সার্থক হয়েছে। এলাকার দরিদ্র, অসহায়, অশিক্ষিত, অর্ধশিক্ষিত, অভিভাবকদের অনুরোধে তাদের ছেলেমেয়ে যাদের স্কুলে ভর্তি বয়স এখনও হয়ে ওঠেনি

তাদের বিজয় রায়ের পাঠশালায় লেখাপড়া করানো হয়। বর্তমান যুগে পাঠশালায় পাঠদান চিন্তা করা না গেলেও বাস্তবে বিজয় রায় এমনি একটি পাঠশালায় পাঠদান করে যাচ্ছেন। সভ্যতার ক্রমবিকাশে বর্তমান শিশুরা পাঠশালা কি জিনিস বা সেখানে কি হয় তাদের ধারণা নেই। বছরে দু'বার পরীক্ষা নেয়া হয় এসব শিশুর। সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত তার পাঠশালায় পাঠদান চলে। বিজয় রায় স্বল্প শিক্ষিত হলেও শিক্ষা বিস্তারের জন্য নিরলস কাজ করে যাচ্ছেন। তার এই পাঠশালায় শিশুদের অভিভাবকরা ন্যূনতম সম্মানী হিসেবে কিছু টাকা দেন। রাস ওরফর আগে জাতীয় সঙ্গীতও পরিবেশন করা হয় এই পাঠশালায়। শিশু ছাত্রছাত্রী ও তার অভিভাবকদের কাছে বিজয় রায় একটি প্রিয়মুখ। পাঠশালার মাধ্যমে পয়সারহাট গ্রামসহ আশপাশের দু'চার গ্রামের মানুষের কাছে নিবেদিতমুখ হিসেবে পরিচিতি পেয়েছেন বিজয় রায়।